



রেজিস্ট্রার-এর কার্যালয়

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ ফোন : ০২৯৯৭৭৫৩০১১, টেলি-ফ্যাক্স: ০২৯৯৭৭৫৩০১৩



সূত্র : মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/পি-৬৯৭/ ৮০৭

তারিখ : ১৬ চৈত্র ১৪৩০
৩০ মার্চ ২০২৪

অভিযোগনামা

যেহেতু, আপনি ড. মোঃ রাফিয়াদ ইসলাম মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক পদে কর্মরত অবস্থায় Shimane University, Japan-এ পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের জন্য গত ০৩/১০/২০১৫ তারিখে ০১ বছরের শিক্ষা ছুটি নিয়ে Japan গমন করেন। ০১ (এক) বছর শিক্ষা ছুটি শেষ হওয়ার পর আপনার আবেদনের পরিপ্রেক্ষিতে শিক্ষা ছুটির মেয়াদ পর্যায়ক্রমে ০২/১০/২০২০ তারিখ পর্যন্ত আরো ৪ বছর বর্ধিত করা হয়। কিন্তু ছুটির মেয়াদ শেষ হওয়ার পূর্বেই আপনি গত ১৯/০৩/২০২০ তারিখে পিএইচডি অর্জন করেন; এবং

২. যেহেতু, আপনি পিএইচডি অর্জনের পর কর্তব্যকাজে যোগদানের কথা থাকলেও আপনি যোগদান না করে বিভাগে যোগদানে অপারগতা প্রকাশ করে যুক্তরাষ্ট্রের Yale University School of Medicine-এ Postdoctoral Fellow এ যোগদান করেছেন বলে জানান এবং অনুমতি প্রদানের আবেদন করেন। কিন্তু আপনার আবেদন বিবেচিত না হওয়ায় আপনাকে স্মারক নং মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/পি-৬৯৭/১৮৬২(৫), তারিখ: ১৫/০৯/২০২১ এর মাধ্যমে জরুরী ভিত্তিতে বিভাগের কর্তব্য কাজে যোগদানের জন্য নির্দেশ দেয়া হয়; এবং


৩. যেহেতু, আপনি কর্মস্থলে যোগদানের নির্দেশ দেওয়া সত্ত্বেও যোগদান না করায় গত ১০ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত ২২৮তম রিজেন্ট বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী রেজিস্ট্রার অফিসের ২২/১০/২০২২ তারিখের মাভাবিপ্রবি/রেজিঃ/ সংস্থাপন-২/পি-৬৯৭/২২৪৬(৭) নং স্মারকে আপনাকে ০১ মাসের মধ্যে বিভাগের কর্তব্য কাজে যোগদান করতে বলা হয়। তার পরও আপনি কর্মস্থলে যোগদান করেননি বা বিশ্ববিদ্যালয়ের সাথে কোনো ধরনের যোগাযোগ করেননি; এবং

৪. যেহেতু, কর্তব্যকাজে যোগদানের জন্য আপনাকে বার বার নির্দেশ দেয়ার পরও যোগদান না করে নিয়মবহির্ভূতভাবে বিনানুমতিতে গত ২০/০৩/২০২০ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা- ২০১৮ এর ৩ (খ) এবং (গ) ধারা অনুযায়ী অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) হিসেবে গন্য এবং শাস্তিযোগ্য অপরাধ;

৫. সেহেতু, এক্ষণে আপনাকে উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে উক্ত বিধিমালার ৩ (খ) এবং (চ) ধারা অনুযায়ী অসদাচরণ (Misconduct) ও পলায়নের (Desertion) দায়ে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে এ বিধিমালার ৪(৫) (গ) এবং (ঘ) ধারা মোতাবেক কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না অভিযোগ প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া হলো। একই সাথে আপনি ব্যক্তিগতভাবে গুনানির ইচ্ছা পোষণ করেন কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হলো।

অভিযোগ বিবরণীর এক প্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে-



(ড. মোহাম্মদ তৌহিদুল ইসলাম)

রেজিস্ট্রার

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল।

প্রাপক-

ড. মোঃ রাফিয়াদ ইসলাম

সহযোগী অধ্যাপক

বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল- ১৯০২।

e-mail: rafiadbmb06@yahoo.com

স্থায়ী ঠিকানাঃ

ড. মোঃ রাফিয়াদ ইসলাম

প্রযত্নেঃ মোঃ সাইফুল ইসলাম

৯০/৫ কালী বাড়ী রোড

ডাকঘর- ময়মনসিংহ ২২০০

উপজেলা ও জেলা- ময়মনসিংহ

অভিযোগ বিবরণী

আপনি ড. মোঃ রাফিয়াদ ইসলাম মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক পদে কর্মরত অবস্থায় Shimane University, Japan-এ পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের জন্য গত ০৩/১০/২০১৫ তারিখে ০১ বছরের শিক্ষা ছুটি নিয়ে Japan গমন করেন। ০১ (এক) বছর শিক্ষা ছুটি শেষ হওয়ার পর আপনার আবেদনের পরিপ্রেক্ষিতে শিক্ষা ছুটির মেয়াদ পর্যায়ক্রমে ০২/১০/২০২০ তারিখ পর্যন্ত আরো ০৪ (চার) বছর বর্ধিত করা হয়। কিন্তু ছুটির মেয়াদ শেষ হওয়ার পূর্বেই আপনি গত ১৯/০৩/২০২০ তারিখে পিএইচডি অর্জন করেন। ডিগ্রী অর্জনের পর বিভাগের কর্তব্যকাজে আপনার যোগদানের কথা থাকলেও যোগদান করতে অপারগতা প্রকাশ করে যুক্তরাষ্ট্রের Yale University School of Medicine-এ Postdoctoral Fellowship এ যোগদানের কথা জানান এবং অনুমতি প্রদানের আবেদন করেন। কিন্তু আপনার আবেদন বিবেচিত না হওয়ায় জরুরী ভিত্তিতে বিভাগের কর্তব্য কাজে যোগদানের জন্য নির্দেশ দেওয়া হয়। কিন্তু যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় গত ১০ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত ২২৮তম রিজেন্ট বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী ০১ মাসের মধ্যে বিভাগের কর্তব্য কাজে যোগদানের জন্য আপনাকে পুনরায় নির্দেশ দেয়া হয়। বারংবার নির্দেশ দেয়া সত্ত্বেও আপনি নিয়মবহির্ভূতভাবে বিনানুমতিতে গত ২০/০৩/২০২০ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা- ২০১৮ এর ৩ (খ) এবং (গ) ধারা অনুযায়ী অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) হিসেবে গন্য এবং শাস্তিযোগ্য অপরাধ। একই বিধিমালার ৩ (খ) এবং (চ) ধারা অনুযায়ী আপনি অসদাচরণ (Misconduct) ও পলায়নের (Desertion) দায়ে অভিযুক্ত হয়েছেন।

(ড. মোহাম্মদ তৌহিদুল ইসলাম)

রেজিস্ট্রার

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল।